

BNGA (HN)-08

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015
PART - III

বাংলা — সাম্মানিক
অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।
দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
প্রশ্নে একাধিক অংশ থাকলে প্রত্যেক অংশ পৃথক অনুচ্ছেদে লিখবে।

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) কালিদাস রচিত নাটকগুলির নাম লেখো। সংক্ষেপে সেগুলির পরিচয় দাও। তাদের মধ্যে কোনটিকে শ্রেষ্ঠ বলে মনে কর তা লেখো। ৩ + ১০ + ২
- খ) জয়দেবের 'গীতগোবিন্দম' কাব্যটির পরিচয় দাও। বাংলা সাহিত্যে 'গীতগোবিন্দম'-এর প্রভাব কতখানি তা লেখো। ১০ + ৫
- গ) বাণভট্টের 'কাদম্বরী'র পরিচয় দাও এবং এই গ্রন্থের বিশেষত্ব নির্ধারণ করো। ১০ + ৫
- ২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫
- মেঘদূতম, উত্তররামচরিত, মুচ্ছকটিক, স্বাস্থ্যসংহার, হর্ষচরিত।
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) 'লিটারারি এপিক' রচনায় জন মিলটনের কৃতিত্ব নির্ণয় করো।

SUB-B.A.(HN)-BNGA-12131

[Turn over

- খ) উনিশ শতকের ইংলণ্ডের সমাজচিত্র বর্ণনায় এবং চরিত্র সৃষ্টিতে চার্লস ডিকেন্সের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও :। প্রসঙ্গত বাংলা সাহিত্যে তাঁর কোনো প্রভাব আছে কিনা তা দেখাও। ১০ + ৫
- গ) “প্রকৃতির সাধনায় ওয়ার্ডসওয়ার্থ ও রবীন্দ্রনাথ দুজনের কাছেই প্রকৃতি প্রাণময়ী এবং প্রকৃতি ও মানব এক চিরন্তন সত্তার দ্বৈতপ্রকাশ।” — ওয়ার্ডসওয়ার্থের কবি বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে এবং রবীন্দ্রনাথের সঙ্গে তাঁর মিল কোথায় তা উল্লেখ করে উদ্ধৃত বক্তব্যের যথার্থতা বিচার করো।
- ৪। যে-কোনো একটি বিষয়ে টাকা লেখো : ৫
- ক) জন কীটসের “ওড”
- খ) প্রমেথিউস আনবাউন্ড
- গ) শেক্সপীয়রের সনেট
- ঘ) আইভ্যানহো
- ঙ) ম্যান এণ্ড সুপারম্যান।
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) আধুনিক হিন্দী সাহিত্যে ‘ভারতেন্দু যুগ’ বলতে কী বোঝো, ভারতেন্দু হরিশচন্দ্রের সাহিত্যকৃতির আলোচনা করে তা ব্যাখ্যা করো।
- খ) ছায়াবাদী সাহিত্য কাকে বলে ? হিন্দী সাহিত্যে ছায়াবাদী কবি হিসাবে ‘নিরালা’-র পরিচয় পরিশ্ফুট করো। ৩ + ১২
- গ) প্রাবন্ধিক হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিচয় দাও।
- ৬। যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ২ × ৫ = ১০
- গোদান, সদগতি, অনামিকা, নীহার, জলুস, কায়াকল্প।
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৫
- ক) “কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা ; কথা নয় ধ্বনি, রসধ্বনি।” — আলোচনা করো।
- খ) বিভাব, অনুভাব ও ব্যক্তিত্বের ভাবের সংযোগে কীভাবে রসনিপত্তি হয় তা বুঝিয়ে দাও।
- গ) ‘কাব্যং গ্রাহামলংকারাৎ’ মতটির প্রবক্তা কে ? এই মতটির ব্যাখ্যা করে এর গ্রহণযোগ্যতা নির্ণয় করো। ১ + ৭ + ৭

সিক প্রতিভার

১০ + ৫

হতি ও মানব

দিয়ে এবং

৫

৮। টীকা লেখো (যে কোনো একটি) :

ক) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ

খ) সাধারণীকৃতি:

গ) নবরস।

৯। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

ক) “বস্তুত বহিঃপ্রকৃতি এবং মানবচরিত্র মানুষের হৃদয়ের মধ্যে অনুক্ষণ যে আকার ধারণ করিতেছে, যে সংগীত ধ্বনিত করিয়া তুলিতেছে, ভাষারচিত সেই চিত্র এবং গানই সাহিত্য।” — কীভাবে বাইরের জগৎ হৃদয়ের মধ্যে প্রবেশ করে আর-একটা জগৎ হয়ে উঠেছে এবং কীভাবে তা সাহিত্য হয়ে উঠেছে, রবীন্দ্রনাথের অনুসরণে তার ব্যাখ্যা করো।

খ) “এইজন্যই সাহিত্য ঠিক প্রকৃতির আর্শি নহে। কেবল সাহিত্য কেন কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।” — সাহিত্য বা শিল্পে ‘অনুকরণ’ সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য কী তা আলোচনা করে দেখাও।

গ) উদ্ধৃতি দুটির ব্যাখ্যা করো :

i) “যথার্থ সৌন্দর্য সমাহিত সাধকের কাছেই প্রত্যক্ষ, লোলুপ ভোগীর কাছে নহে।”

ii) “সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।”

$$৯ \frac{১}{২} + ৯ \frac{১}{২}$$

১৫

গতির

১২

১০

১৫

১৫

১৫

১৫

SUB-B.A.(HN)-BNGA-12131

সিক প্রতিভার

১০ + ৫

হতি ও মানব

দিয়ে এবং

৮। টীকা লেখো (যে কোনো একটি) :

ক) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ

খ) সাধারণীকৃতি:

গ) নবরস।

৫